বলে। প্রতিটি পাত্রের তলদেশে বৃত্তাকার পিতলের পাত বসানো থাকে। মুখপাত ও কুমোড়ির মাঝে বসানো হয় নানা ডিজাইনের পাতফুল (পিতলের তৈরি)। তবে পিতলকে ঘষে তারপর পালিশ করে ফিনিসিঙ দেওয়া হয়। তাতে কাঠের গায়ে পিতলের যে ডিজাইন ফুটে ওঠে তার আবদেনই আলাদা। চোখ ধাঁধানো সেই শিল্প। রুমা প্রিয় বা মণীষারা এই পিতলের কাজটি করে। রুমা কাজটি করছে ২০ বছর ধরে। প্রিয়াও এ কাজে হাত পাকিয়েছে গত ১০ বছরের অভিজ্ঞতায়। ওসব মেয়েরা প্রথমে সের পাই-এর মাপে পিতল কাটে। তারপর তাকে পুড়িয়ে সাইজ করে মুখপাত ও কুমোড়ির আকার দেয়। তবে সের পাই পোয়া ছটাকের পিতলের তৈরি মুখপাত ও কুমোড়ির সাইজ পাত্রের আকারে বড় থেকে ছোট হয়। ওসব পাত্রের মুখপাত ও কুমোড়ির মাঝে যে নানারকম পাতফুল দেওয়া থাকে তা ওই মেয়েরাই তৈরি করে। পাতফুলের নকশায় থাকে ছোট ছোট চিরিতন, ইক্ষাপন, ডায়মণ্ডের আকৃতির নকশা। থাকে ময়ূর মাছ পদ্ম ঘুরঘুরে পৌঁকার নকশা। মেয়েরা এসব নকশা বানায় ছকে বা ফর্মায় ফেলে। ছকে বা ফর্মায় ফেলে পিতল কাটা হয় আগে। তারপর তা ঘষে পালিশ করে তৈরি করা হয় ময়ূর পদ্ম প্রভৃতির পাতফুল। ভোলানাথ কর্মকারের কাছে এই চার মহিলা কাজটি শিখেছে। এবং এরই সুবাদে রুমা কর্মকার ২০১৭ সালে পেয়েছে রাষ্ট্রপতি পুরস্কার। প্রিয় কর্মকার পেয়েছে দিল্লী ও ক্রাফ্ট কাউন্সিলের কমলা দেবী পুরস্কার (২০২১)। মণীষা পেয়েছে রাজ্য হস্তশিল্প পুরস্কার (২০২২)। মণীষা স্নাতক স্তরে ইংরেজি সাহিত্য নিয়ে পড়াশোনা করছে। তার মতে এই কাজটিকে তারা যতদিন পারবে টিখিয়ে রাখবে। কোনো ওয়ার্কশপ হলে সেখানে গিয়ে প্রশিক্ষণ দিতেও সে প্রস্তুত। তবে বিয়ে হয়ে গেলে এই কাজের ভবিষ্যত কি হবে তা নিয়ে রিয়া বা মণীষার যথেষ্ট চিন্তা আছে। ওদের আক্ষেপও আছে। এলাকার আর কোনো বাড়ির মেয়েরা এই কাজটি শিখছে না। শিখছে না কোনো যুবক। যে শিল্প আজ একটি মাত্র পরিবারের হাতে টিকে আছে তার ভবিষ্যৎ উজ্জ্বল হতে পারে না। কথাটা বলছিল রুমা কর্মকার। কয়েকটি প্রদর্শনীতে সোপিশ করে সাজিয়ে রাখলে এ শিল্প অচীরে ধ্বংস হবে সের পাই-এর পথচলা। আম কাঠের সের পাই-এর উপর ওসব সূক্ষ্ম পিতলের কাজ দেখতে হবে হয়তো শিল্পনুরাগী কোনো ব্যক্তির সংগ্রহশালায়।

বাংলার কুটির শিল্পের ইতিহাসে সের পাই শিল্প আজ সঙ্কটে। ভোলানাথ রুমা রিয়া কর্মকাররা যাকে ধরে রেখেছে জীবিকার খাতিরে। আর এই জীবিকা ধরে রাখতেই ওসব মেয়েরা পিতলের নানা কারুকাজ তুলে ধরছে। কাঠের তৈরি কালো কালো সের পাই পোয়ার গায়ে পিতলের লালিত্য বাংলার শিল্পকলার একটা অঙ্গ। কিন্তু ওসব সামগ্রী এখন আর ব্যবহৃত হয় না। শুধুমাত্র সোপিশ হিসাবে যার অস্তিত্ব টিকে আছে। রিয়া বা মণীষারা সেসব সামগ্রী কুরিয়ার করে পাঠিয়ে দিচ্ছে দেশ বিদেশ। কিন্তু আক্ষেপের বিষয় এই শিল্পের প্রসার নেই। প্রচারও নূন্যতম। প্রশিক্ষণের সঠিক পথ নিলে এলাকার উঠতি মেয়েরা হয়তো শিল্পটাকে জীবিকা হিসাবে গ্রহণ করতে পারে। যেখানে বেঁচে উঠবে বাংলার ঘরের এই হারাতে বসা শিল্পকলা। এই শিল্পের চাহিদাও আছে অনেকের কাছে। আছে আয়। যেমন ১০ পিসের একটি সের পাই সেটের দাম ৪৫০০০/- টাকা। যেখানে থাকে ১০সের ছটাকের পাত্র। ৭ পিস সেটের সের থেকে ছটাক অবধি পাত্রগুলির দাম রাখা হয় ৯০০০/- টাকা। আবার ৫ পিস সেটের আধ পাই ছটাক অবধি পাত্রগুলির দাম হয় ৫৫০০/- টাকা। প্রতিটি সেটের উপরে থাকে ঢাকনা। যা পরপর সাজিয়ে রাখলে মিনারের মতো দেখতে লাগে। আর প্রতিটি পাত্রের গায়ে যে ঝকঝকে পিতলের নকশা, রেখার কাজ, ময়ূর মাছ, টুপনার কাজ থাকে তার পুরোটাতে লেগে থাকে নারীহস্তের ছাপ।

# মেলা বই এবং বইমেলা

সুদীপ্তা চট্টোপাধ্যায়

নিউ জার্সি, মার্কিন যুক্তরাষ্ট্র



অনাবাসী বাঙালীর চোখে কলকাতা থেকে দেখা কলকাতা বইমেলা। শীতের শেষ, বসন্ত বলছে ‘আসছি’ এরই মাঝে বয়স যদিও হল তার আটচল্লিশ তবু এই শেষ মাঘের মৃদুমন্দ হাওয়ায় ডিজিটাল বিশ্বেও মেলা বই এর গন্ধে রমরম করছে বইমেলায় প্রাঙ্গণ।

স্টলে স্টলে সাজানো চিন্তা ও চৈতন্যের প্রকাশ। চারিদিকে মননের মনীষা ও স্মৃতি ও সমীক্ষার অনুরণন।

এবারের ৪৮তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা শুরু হয়েছিল গত ২৮ জানুয়ারি।

একটানা ১২ দিনের বইমেলায় শেষ দিন ছিল ৯ই ফেব্রুয়ারি। থিম কান্ট্রি জার্মানি।

জার্মানির রাষ্ট্রদূত যে মেলাকে বলেছেন বই এর মহাকুস্ত সেই কলকাতা বইমেলায় যোগ দিয়েছিলেন আমেরিকা, ফ্রান্স, ইতালি, স্পেন, পেরু, আর্জেন্টিনা সহ বিভিন্ন দেশের প্রকাশকেরা।

প্রতিবারের মতো এবারও যানজট, ধুলোবালি, দমবন্ধ করা ভীড় ঠেলে গন্তব্যে চলতে চলতে হঠাৎ শীতের গা ঢাকা আর বইমেলায় ফ্লাড লাইট উষ্ণতায় ঘেমেমেয়ে বিধ্বস্ত লক্ষ-লক্ষ বইপ্রেমীর আনাগোনা সল্টলেকের সেন্ট্রাল পার্কের নয়টি তোরণ দিয়ে—শুধু বই ভালোবেসে।

সোশ্যাল মিডিয়ায় বন্ধুদের সামনা সামনি দেখার উচ্ছাস আর আড্ডার মাঝেও ‘কবিতা গাড়ি’র সামনে কবিতা শোনার জন্য অপেক্ষায় কবিতা প্রেমীরা।

লিলেন, খেস, কলমকারী শাড়ি পরিহিতার আঙুল সেল্ফি বাটনের সাথে সাথে ছুঁয়ে যাচ্ছে নতুন বই-এর পাতা।

ফিস ফ্রাই কেনার ভীড়েও জিন্স, টপ পরা প্রজন্মের হাতে নতুন বই এর ব্যাগ।

প্রিয় কবি বা সাহিত্যিকের সেই সংগ্রহের লাইনে পাঞ্জাবী ঝোলা কাঁধে নানা বয়সের ভীড়ে দেখা যাচ্ছে ডেনিম, আর ব্র্যান্ডেড জ্যাকেট।

টিভি, ওটিটি, রিল, ফেসবুক, ইনস্টাগ্রাম, হোয়াটসঅ্যাপ, এআই খভিড অনেক, তবুও কিন্তু SBI অডিটোরিয়ামে এবং প্রেস কর্ণারের বই প্রকাশ অনুষ্ঠানে একটা চেয়ারও ফাঁকা ছিল না।

এবছর প্রায় ২৭ লক্ষ বইপ্রেমীর ঢল নেমেছিল কলকাতা বইমেলায়।

ডিজিটাল প্রযুক্তি আর কৃত্রিম মেধার যুগেও বই বিক্রির নিরিখে এবার নাকি নিজরিবিহীন সাফল্যের শিখর ছুঁয়েছে আন্তর্জাতিক কলকাতা বইমেলা (International Kolkata Book Fair)। পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডের সভাপতি ত্রিদিব কুমার চট্টোপাধ্যায় জানিয়েছেন, এবারের বইমেলায় কম-বেশি ২৫ কোটি টাকার বই বিক্রি হয়েছে।

বাঙালি কবি-সাহিত্যিক থেকে শুরু করে দেশের অন্যান্য সাহিত্যিকদের

বই রেকর্ড হারে বিক্রি তো হয়েইছে এরই পাশাপাশি বিদেশি বইয়ের বিক্রিও এবার দারুণ হারে বেড়েছে।

দীর্ঘদিন প্রবাসী মানুষগুলোও নিজেদের অস্তিত্ব, মেধা আর মননের অদৃশ্য যোগসূত্রকে দৃঢ় করতে বারবার ছুটে আসেন বইমেলায়। এবারও তার ব্যতিক্রম হয়নি।

মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া থেকেও নিজেদের বই প্রকাশের অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন কবিরা।

SBI মধ্যে মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে “রৌণক পাবলিকেশন” অন্যান্য কবি লেখকদের সঙ্গে প্রকাশ করল মার্কিন প্রবাসী লেখক ড. কৌশিক সেন এর বই “বজ্রকীট”।

বড় এবং ছোট পর্দার তারকারা আর সঙ্গীত শিল্পীরাও উপস্থিত ছিলেন এই অনুষ্ঠানে।

বইমেলায় প্রেস কর্ণারে প্রকাশিত হল আমেরিকান-প্যালেস্টেনিয়ান কবি নাথালি হাভাল-এর কবিতার বই "Geography of Loss" এর বাংলা অনুবাদ বই ‘অনুপস্থিতির মানচিত্র’।

সীমান্ত বিলীন এই বই-এর ৪০টি কবিতা অনুবাদ করেছেন অনেকে মিলে।

বাংলালাইভ প্রকাশনার বই। এ বইটির মূল ভাবনা মার্কিন যুক্তরাষ্ট্র এর অনাবাসী কবি গৌতম দত্ত-র। কবি সুবোধ সরকার ও গৌতম দত্ত বইটির সম্পাদনা করেছেন।

কানায় কানায় ভর্তি ছিল সেদিন প্রেস কর্ণার। বাংলায় অনুবাদ কাব্যগ্রন্থ থেকে অনুবাদকরা ও নাথালি তাঁর মূল কবিতা পাঠ করলেন।

চমক ছিল মুনমুন সেন-এর উপস্থিতি। কবি তন্ময় চক্রবর্তী অনুষ্ঠানটির সুপরিচালনা করলেন।

অনুবাদক হিসেবে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতার কবি যশোধরা রায়চৌধুরী, চৈতালী চট্টোপাধ্যায়, সেবন্তী ঘোষ, ঈশিতা রায়, প্রীতি সান্যাল, কবি অগ্নি রায় এবং এই উপলক্ষে সুদূর আমেরিকা থেকে উড়ে এসেছিলেন অনাবাসী কবি তাপস রায়, লেখক নাট্যকার সুদীপ্ত ভৌমিক, কবি/লেখক সুদীপ্তা চট্টোপাধ্যায়। তাঁরাও পাঠ করলেন নিজেদের অনুবাদ।

লেখক, কবিদের মেধাবৃত্তিক প্রকাশ, আর পাঠকের জ্ঞান এবং বই পঠনের মাধ্যমে আনন্দ আহোরণের এই ভালোবাসা যতদিন থাকবে, ততদিন হাজার মাধ্যম এলেও পাঠকরা ঘাম ঝরাবেন আর ভালোবাসার সমীকরণে এভাবেই হয়তো প্রযুক্তিকে ঠেকিয়ে বই মেলা জিইয়ে রাখবে নতুন বই এর অবিস্মরণীয় গন্ধ। যুক্তি তর্কের বাইরে গিয়ে অলৌকিক মিলিয়ে দেবে যাবতীয় না-মেলা হিসেব!



Bridging cultures through art, poetry, music, dance and spirituality. The 10th Indo-Czech Autumn Festival in Prague

# ভাষা দিবস, আর কিছু প্রশ্ন

আনন্দিতা চৌধুরী

নিউ জার্সি, মার্কিন যুক্তরাষ্ট্র



হাই গাইজ, তোমাদের আজ আমি নিয়ে এসেছি একটা দোকানে যেখানে আছে হচ্ছে কানের দুল আর গলার হারের ভ্যারাইটিস কালেকশন, যেটা তোমরা সামনের পুজোতে একটু হটকে সাজার জন্য, কিংবা হলদি বা সঙ্গীত ফাংশন এ পরার জন্য ব্যবহার করতে পারো। এগুলো কিন্তু দাম খুব বাজেটের মধ্যে পেয়ে যাচ্ছ, আর কিন্তু নানা মেটেরিয়াল এ তৈরি এই কালেকশন। এই দোকানটা আছে হচ্ছে গড়িয়াহাট থেকে টুওয়ার্ড গোলপার্ক যেতে ডাইনে ফুটে। এখানে প্রাইস কিন্তু আছে হচ্ছে একশো টাকা থেকে শুরু। তাহলে গাইস এখন দেখে নিই এই ধমাকেন্দার কালেকশন, যেটা কিন্তু আছে হচ্ছে তোমাদের বাজেটের মধ্যেই।

হ্যাঁ, এটা বাংলা ভাষা। চমকতে পারেন, বিরক্ত হতে পারেন, চ্যানেল ঘুরিয়ে ফেলতে পারেন। কিন্তু যাবেন কোথায়? অন্য চ্যানেলেও ঠিক এই ভাবেই কথা বলছেন কোন 'কন্টেন্ট ক্রিয়েটর'।

টিভি বন্ধ করে সামাজিক মাধ্যমে গল্প পড়বেন? ভেবে দেখুন, পড়বেন নাকি পরবেন? কারণ সেখানে 'গল্প পরা' ও 'শাড়ি পড়া' হয়ে থাকে নিয়মিত। 'দুর্গা' পুজোয় 'আমরা সবাই বেরাতে জায়', 'সাইড সিন'-এর জন্য 'শস্তা গারির' সন্ধান চায় মানুষ, যাতে বাবামাকে 'কস্ট' করতে হবে না, 'সন্ধান'-এর সঙ্গে ঘুরতে পারবেন।

কী বললেন? দিন দিন কেমন খিটখিটে হয়ে যাচ্ছি? শুধু মানুষের কথার উচ্চারণের ভাষার ভুল ধরে বেড়াচ্ছি? সত্যি, আজকাল তো নাকি বানান ব্যাকরণ ভুল বলে কিছুই নেই, মনের ভাব বুঝতে বোঝাতে পারলেই নাকি হল।

আসলে ঠিক আজকের মানুষ নই তো। তাই এগুলো কানে লাগে, চোখে পড়ে। যত্ন করে ধরে ধরে বানান, শুদ্ধ উচ্চারণ, সঠিক বাক্যগঠন শিখি

য়েছিলেন শিক্ষিকারা। হ্যাঁ, সেই আমাদের ইংরেজি মাধ্যম স্কুলের শিক্ষিকারা, এই ভাষাদিবস এলেই যাদের কাঠগড়ায় দাঁড় করানো হয় বাংলা ভাষার সবারকমের অধঃপতনের জন্য। সেই ইংরেজি মাধ্যম, যাদের ছাত্রছাত্রীদের নাকি 'বাংলাটা ঠিক আসে না'। (এই সেই বিখ্যাত পংক্তি যেটা বারংবার ব্যবহৃত হয় এইদিনে।)

আচ্ছা, যারা অনাবাসী ভারতীয়, তাদের সন্তানরা যদি সারাদিন বিদেশীদের সঙ্গে সময় কাটিয়ে তাদের স্কুল কলেজ পড়াশোনা সব বিদেশী আবহাওয়ায় করে তারপরেও গড় গড় করে বাংলা বলতে পারে, বাংলা নাটক গান কবিতার চর্চা করতে পারে ভালবেসে, তাহলে সারাদিন বাংলাভাষীদের সঙ্গে বাস করেও শুধুমাত্র দিনের কয়েকটা ঘণ্টা ইংরেজি মাধ্যম স্কুলে পড়ে বাচ্চারা বাংলা ভুলে যাচ্ছে কী করে? আরেকটা প্রশ্ন। যাঁরা এই বীভৎস উচ্চারণে ভুলভাল বানানে বাংলা লিখে পড়ে বলে যাচ্ছেন জনসমক্ষে সগৌরবে, তাঁরা সবাই কোন মাধ্যমে পড়াশোনা করেছেন? সবাই? সত্যিই কি প্রশ্নটা মাধ্যমের, নাকি সঠিক পড়াশোনার চর্চার, সযত্নে ছাত্রদের শিক্ষাদানের, এবং নিজের ভাষার প্রতি সম্মান ও ভালবাসার?

আসছে আরেকটি ভাষা দিবস। একই কথা চর্চিতর্চর্চন করে, একই শ্রেণীর দিকে আঙুল তুলে, একই চেনা গতে

অভিযোগ অনুযোগ করে কেটে যাবে এই দিনটা এই বছরেও?

নাকি, একটু যত্নবান হব আমরা নিজেরাই? লেখার সময় বানান বাক্যগঠন, বলার সময় উচ্চারণ শব্দচয়ন, একটু খেয়াল রাখলে এগুলো ঠিক করে ফেলতে পারবো না আমরা? শেখাতে পারবো না পরের প্রজন্মকে?

বড় মিঠে বড় আপন ভাষা যে আমাদের। মাতৃভাষা।

মায়ের ভাষা আরেকটু যত্ন দাবি করে, তাই না?

# ব্যালকনি থেকে ভাইরাল

কোহিনূর কর

অ্যারিজোনা, মার্কিন যুক্তরাষ্ট্র



**কো**ভিড লকডাউনের সময় বাড়ির ব্যালকনিতে দাঁড়িয়ে বিভিন্ন ভাষায় ফোক গান করে যে দুই বঙ্গতনয়া সোশ্যাল মিডিয়াতে বাড় তুলেছিল তাদের আজকের পরিচয় গানের জগতে ‘নন্দী সিস্টারস’। ২০২৪-এর দুর্গাপূজায় এই দুই বোনের জুটি আমেরিকায় মোট আটটা শো করে গেল। দু-বোন একসাথে তাঁদের এটাই ছিল প্রথম মার্কিন সফর।

বড় বোন অন্তরা নন্দী শাস্ত্রীয় সঙ্গীতে সঙ্গীতশিক্ষা শুরু করে বিভিন্ন ধরনের গান গাওয়া ছাড়াও, গানের কথা লেখা আর সুর দেওয়ার মত সৃজনশীল কাজে ব্যস্ত। আপনাদের হয়তো মনে পড়বে ২০০৯-এ ন্যাশনাল “সা-রে-গা-মা-পা লি’ ল চ্যাম্প” প্রতিযোগী হিসাবে খুদে অন্তরাকে। ওরই ছোট বোন অঙ্কিতা নন্দী দিদির সাথে গলা মেলাতে মেলাতে এখন তার সহশিল্পী। বাংলা, হিন্দী, অসমীয়া সহ সাতাশটা ভাষায় গান গেয়েছেন এই ‘নন্দী সিস্টারস’। আসুন তাদের কিছু গল্প শোনা যাক।

**অন্তরা আর অঙ্কিতা, তোমাদের অনেক অনেক শুভেচ্ছা দিয়ে শুরু করছি। প্রথমেই বলো তোমরা দুজন একসাথে এই প্রথম আমেরিকায় অনুষ্ঠান করতে এসে কেমন লাগছে।**

আমরা আমেরিকায় শো-এর প্রিপারেশন নেওয়ার সময় খুবই চিন্তার মধ্যে ছিলাম। একটা কনসার্টে যখন শ্রোতারা আসেন, সবার পছন্দ এক নয়, অনেকে অনেক ধরনের গান ভালোবাসেন, কারও বাংলা গান ভালো লাগে, কেউ বা পুরনো হিন্দী গান শুনতে চান, আবার অনেকে গানের সঙ্গে নাচ করতে পছন্দ করেন। আমরা চেষ্টা করেছি প্রত্যেকটা শো করার আগে সেখানকার শ্রোতাদের পছন্দ অনুযায়ী বেশ কিছু গান আগে থেকে তৈরী করে রাখতে। এবারের টুরে পরপর আটটা শো যে ঠিকমত করতে পেরেছি আর সবার প্রশংসাও কুড়িয়েছি তা আমাদের কাছে খুবই বড় পাওয়া। It means a lot to us! এক কথায় বলতে পারি আমাদের এই জার্নিটা অ্যামেজিং ছিল।

**তোমরা কি কোনওদিন ভেবেছিলে দুই বোনের জুটি গানটাকেই পেশা হিসেবে বেছে নেবে?**

সত্যি বলতে আমরা ডুও করবো সেরকম প্ল্যান আমাদের কোনোদিনই ছিল না। দুই বোনের মধ্যে আমি (অন্তরা) গানের ব্যাপারে একটু সিরিয়াস ছিলাম, আর আমার বোন (অঙ্কিতা) আমার সাথে বেশ সুরে সুরে গান করে খুব মজা পেতো। আমাদের দুজনের সময় কাটানোর সবচেয়ে ভালো জিনিস ছিল গান গাওয়া। স্কুলের পর বাড়ি ফিরে আমরা হাতের কাছে যা পেতাম তা বাজিয়ে গান করতাম। তখন আমাদের মা সেরকম বেশ কিছু গানের ভিডিও ফেসবুকে দিতে থাকার পর একসময় সেগুলো বেশ ভাইরাল হয়ে যায়। অনেক খ্যাতনামা শিল্পীরা সেই পোস্টে কमेंট করেন, যেমন ধরুন সোণু নিগম স্যার, শঙ্কর

মহাদেবন-জি, আদনান সামি-জি। এভাবেই আমাদের জুটি ‘নন্দী সিস্টারস’ এর শুরু। তখন থেকে আমাদের ব্যালকনি কনসার্ট সমাজ মাধ্যমে অনেকের কাছে পৌঁছে যায়।

**ফিনিক্সের কনসার্টে গানের ফাঁকে ফাঁকে তোমরা বাংলায় সব কথা বললে, যেটা আমার খুব ভালো লেগেছিল। এখন অবধি কতগুলো ভাষায় তোমরা গান করেছো?**

বাংলা তো আমাদের মাতৃভাষা। যদিও আমাদের জন্ম আসামে, আমাদের ছোটবেলায় ১৩ বছর কোলকাতায় স্কুলিং আর গান শেখা। ছোট থেকেই অন্য ভাষা পিক-আপ করার একটা অদম্য ইচ্ছে ছিল। কথা বলতে পারি বা না-পারি, গান গাইতে ভালোবাসতাম। বাংলা, হিন্দী, ইংরেজী ও অসমীয়া ছাড়াও ২৭-টা ভাষায় আমরা গান গেয়েছি। সময়-সুযোগ পেলে আরও কিছু ভাষায় গান করার চেষ্টা করবো।

**সব শিল্পীরই কিছু আইডল থাকে। তোমাদের সবচেয়ে প্রিয় শিল্পী বা সবচেয়ে প্রিয় গান?**

এই প্রশ্নের উত্তর দেওয়া খুবই মুশ্কিলের ব্যাপার। আমরা তো বহু গুণী শিল্পীদের শুনে শুনে বড় হয়েছি, যেমন ধরুন আমার (অন্তরা) গুরুজী উস্তাদ রশিদ খান সাব, আমি বর্তমানে যাঁর কাছে শিখি শ্রী রাহুল দেশপান্ডে-জি, তারপর লতা-জি, আশা-জি, কিশোর সাব, রফি সাব, আলকা-জি, কবিতা কৃষ্ণমূর্তি-জি, শ্রেয়া ম্যাম, সুনিধি ম্যাম, সোনু স্যার, শান স্যার, অভিজিৎ-দা, উদিত নারায়ন-জি এঁদের কথা বলতেই হয়। প্রিয় গান তো অসংখ্য। খুব ছোটবেলায় যখন আমি ঠিক করে কথা বলতেও শিখিনি, আমি নাকি বেশ সুরেই ‘তুম দিল কি ধড়কন মে’ অভিজিৎ-দার এই গানটা খুব করতাম। (অন্তরার মৃদু হাসি)

তাছাড়া আমরা দুজনেই ছোটবেলায় এ আর রহমান স্যারের গান খুব শুনেছি। যেমন ধরুন ‘রোজা’র সবকটা গান লুপে চলতে থাকতো। আমার (অন্তরা) পরম সৌভাগ্য যে এ আর রহমান স্যারের মত একজনের হাতে আমার ইন্ডাস্ট্রিতে ডেবু হবে। কিছুদিন আগে আমার (অন্তরা) গাওয়া রহমান স্যারেরই সুরে মণিরত্নম স্যারের তামিল ছবির গান ‘আলাইকাডাল’-এর ফিল্মফেয়ার এওয়ার্ড পেয়েছি।

**তোমাদের পেশাগত সঙ্গীত জীবনে কোন কোন গান রেকর্ড করে বা অনুষ্ঠানে করে সবচেয়ে বেশী আনন্দ পেয়েছো?**

সঙ্গীত শিল্প আজ আমার পেশা। তাই দুর্গা পূজা মানেই লাইভ কনসার্ট! তাছাড়া বিশেষ কোনও প্ল্যান আমার নেই। সেটা শুনেই আমার বাবা-মা ঠিক করেন আমাকে ভালো জায়গায় গান শেখানো যেতে পারে। তাছাড়া আমরা দুজনেই ছোটবেলায় এ আর রহমান স্যারের গান খুব শুনতাম। ‘রোজা’র সবকটা গান লুপে শুনতাম! আমি কোনওদিন স্বপ্নেও ভাবতে পারিনি যে এ



আর রহমানের মত একজনের হাতে আমার ইন্ডাস্ট্রিতে ডেবু হবে। তামিল ভাষায় মণিরত্নম স্যারের ছবির গান এ আর রহমান স্যারের সুরে 'আলাইকাডাল' গানটার জন্যে আমি ফিল্মফেয়ার এওয়ার্ড-ও পেয়েছি।

### সিনেমার গান, অ্যালবাম না সিঙ্গলস?

সিনেমার গান, অ্যালবাম না সিঙ্গলস, খুব ইন্টারেস্টিং প্রশ্নটা। এই তিনটেই কিন্তু তিন রকমের অভিজ্ঞতা। সিনেমার গান তো একজন শিল্পীর হাতে থাকে না, যখন সুযোগ আসে তখন হয়। আমি খুবই লাকি যে আমি রহমান স্যারের সাথে গত কয়েক বছর ধরে কাজ করছি। ইউ নেভার নো আনটিল দ্য সঙ্গ ইস পার্ট অফ দ্য মুভি। অ্যালবাম আর সিঙ্গলস টোট্যালি ইন আওয়ার ওন হ্যান্ডস। আমরা এগুলো করছি, আর ইন্ডিয়াতে ইন্ডেপেন্ডেন্ট নন-ফিল্ম মিউসিক আস্তে আস্তে পিক-আপ করছে। আমাদেরকে যে কজন চেনেন তা সোশ্যাল মিডিয়ার কন্টেন্ট দেখে, আর রিসেন্টলি আমাদের নিজেদের কয়েকটা অরিজিনাল গানের জন্যে। তিনটে বাংলা অরিজিনাল, ও মেনকা ও মেনকা, ফাগুনের মোহনায় ২.০, আইলো উমা বাড়িতে, সবগুলোই নন-ফিল্ম মিউসিক। আর আমাদের সিনেমার গান নাকু নাকু না যাও ঠাকুর। থ্যাঙ্কস টু সোশ্যাল মিডিয়া, ইউটিউব, ইন্টারনেট ইন জেনারেল। অ্যালবাম আর সিঙ্গলস করলে আমার ক্রিয়েটিভ

মাইন্ড বা পোকাটা একটা জায়গা পায়। ইট গিভস এ স্পেস টু এক্সপ্রেস মাইসেলফ। নিজের গান নিয়ে একটা সফট কর্ণার ছিলই।

### ছোটরা যারা গান শিখতে চায় আর গান নিয়ে এগিয়ে যেতে চায় তাদের উদ্দেশ্যে কিছু বলবে?

আমরাই এখনও শিখছি, আর শেখার কোনও শেষ নেই। একবার-দুবার সফল হওয়ার পর যদি মনে হয় অনেক কিছু করে ফেলেছি, চোখ-কান খোলা রেখে চারপাশে তাকালে সহজেই বোঝা যায় আরও অনেক কিছু করার জায়গা আছে। এটা একধরনের evolution, নিজের সাথে কম্পিটিশন চালিয়ে যেতে হবে। আর নিজেকে খুব শাস্ত আর পজিটিভ রাখতে হবে। অনেক পরিস্থিতি আসতে পারে যখন নিজেকে হতাশ মনে হবে। নিজের ওপর বিশ্বাস হারালে চলবে না, আর পরিশ্রম করে যেতে হবে। পরিশ্রম করা বন্ধ করলেই মুশকিল হবে। তুমি যত ভালোই কর না কেন, you have to keep evolving।

ফিনিশে গতবছর দুর্গাপূজোর সময় তোমরা অনুষ্ঠান করে খুব জমিয়েছিলে। আরও ভালো লাগলো তোমাদের বেশ কিছু নতুন খবর জানতে পেরে। তোমরা আরও ভালো কাজ কর আর সবার মন জয় কর, এই শুভকামনা রইলো; আর অনেক ধন্যবাদ জানাই তোমাদের দুজনকে!

## ভগবান

### ঈশিতা গঙ্গোপাধ্যায়

কলকাতা, পশ্চিমবঙ্গ

“ডাক্তার বাবু, ওকে বাঁচিয়ে দিন!” অল্পবয়সি গ্রাম্যবধূটি মিনতির সুরে বলে।

“আমায় কি ভগবান পেয়েছিস?” বৃদ্ধ ডাক্তার একটু রেগেই বললেন। “তখন থেকে কি করে চলেছিস বল দিকি!”

বধূটি এবার ডাক্তারের পায়ে পড়ে হাপুস নয়নে কাঁদতে থাকে। “আপনি চাইলেই ও বেঁচে-বর্তে ঘরে ফিরবে!”

“বিমলা, ওঠ!” ডাক্তারবাবু এবার নরমস্বরে বললেন। “কি যে করিস, মা। তোর স্বামী মদ খেয়ে খেয়ে লিভার পচিয়ে ফেলেছে। তাকে বাঁচাবে খোদ ভগবানের সাধি নেই!” ডাক্তারের হেল্লার এসে বিমলাকে টেনে বেধিতে বসায়।

“বাবু, কিছু করুন।” বিমলা আবার কেঁদে ওঠে।

ডাক্তার বললেন, “আর কি করব মা? যা করার সব করেছি!”

“আমি দুটো বাচ্চাকে নিয়ে পথে বসব যে!” বিমলা ফ্যালফ্যালে দৃষ্টিতে চেয়ে বলে।

“মা, তুই গায়ে-গতরে খেটে সংসারটাকে ঠিক টিকিয়ে রাখতে পারবি!” বৃদ্ধ ডাক্তার বোঝান। “তুই থাকতে বাচ্চাদের ভয় কি?”

বিমলা ফুঁপোতে ফুঁপোতে অজ্ঞান হয়ে বেধি থেকে মাটিতে লুটিয়ে পড়ে যায়।

মাস দুয়েক পর...

গ্রামের পথ ধরে দুটো ছেলেমেয়ে ইস্কুলের জামাকাপড় পরে হেঁটে চলেছে। সাইকেল থামিয়ে বৃদ্ধ ডাক্তার তাদের সাথে কথা বলেন। চেস্বারে ফিরে দেখলেন বাইরে বিমলা বসে আছে।

“কেমন আছিস রে মা?” উনি জিজ্ঞেস করেন।

“আপনার দয়ায় ভালো আছি, ডাক্তারবাবু।”

“দূর পাগলি, আমি আবার কি করলাম?”

“গাঁয়ের কেউ তো আমাদের দুর্দিনে পাশে এসে দাড়াইনি, একমাত্র আপনি!”

বিমলা ডাক্তারের পায়ে পড়ে অবোরে কাঁদতে থাকে। “বাপ মরা ছেলেমেয়ে। আপনি ওদের পড়াশোনার দায়িত্ব না নিলে ওরা ভেসে যেত! ডাক্তারবাবু, আপনি ভগবান!”

ডাক্তারের হেল্লারটি এসে বিমলাকে উঠিয়ে দেয়।

চেস্বারের উলটো দিকে বটগাছতলায় গ্রামের হর্তাকর্তারা গ্রামের উন্নতি নিয়ে আলোচনার উদ্দেশ্যে জমায়েত হয়েছিলেন। গ্রামের মুরুবিব পান চিবোতে চিবোতে চেস্বারের দিকে আঙুল নাড়িয়ে উকিলবাবুকে বললেন, “ব্যাপারখানা দেখছেন? বিমলার বর মরতে না মরতে বুড়ো ডাক্তারের দরদ একেবারে উথলে উঠেছে!”

“এইসব ছোট জাতের মেয়েছেলেদের চরিত্র বড় ভালো নয়!” উকিল বললেন।

“তা বটে।” মুরুবিব সায় দেন। “তবে ডাক্তার নিজেই কি সুবিধের?”

সবাই সায় দেয়।

“আপনি গ্রামের প্রধান। আপনাকে সকলে ভগবান বলে জ্ঞান করি। বুড়োটাকে এক বার ধমকে দেবেন তো!”


মুরুবিব খুশি হয়ে মাথা নাড়েন। “আপনারাও এদের চোখে চোখে রাখবেন। আমরা থাকতে গ্রামে এসব বেহায়াপনা তো আর চলতে দেওয়া যায় না!”

সকলে সমস্বরে বলে উঠল, “ঠিক! ঠিক! এসব চলতে দেওয়া যায় না!”

## বাংলার গান থেমে গেল

সুপ্রীতি দে

কলকাতা, পশ্চিমবঙ্গ



‘আমি বাংলায় দেখি স্বপ্ন, আমি বাংলায় বাঁধি সুর’ আর সেই ‘বাংলার মায়াভরা পথেই’ প্রায় অর্ধ শতকেরও বেশি সময় কাটিয়ে, ১৫ই ফেব্রুয়ারি, ২০২৫-এ না ফেরার দেশে পাড়ি দিয়েছেন সঙ্গীত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়।

এখনকার বাংলাদেশের বরিশালে ১৯৪২ সালে জন্মগ্রহণ করেন প্রতুল মুখোপাধ্যায়। তার বাবা ছিলেন স্কুলশিক্ষক।

তবে দেশভাগের পরে পরিবারের সঙ্গে তিনি পশ্চিমবঙ্গে চলে আসেন। রয়ে যান দুই বাংলার সেতু হিসেবে। কোনো প্রথাগত সঙ্গীতশিক্ষা তার ছিল না। এক সাক্ষাৎকারে তিনি বলেন “আমি শুনে শুনে, ঠেকে ঠেকে শিখেছি।” তাঁর শ্রোতাদেরও প্রথমে হোঁচট খেতে হয়েছিল তাঁর গান শুনতে বসে। একজন মানুষ কণ্ঠ, প্রশিক্ষণ, পরিমার্জন; সব কিছুকে পাশে সরিয়ে রেখে কী করে হয়ে উঠছেন ‘আস্ত একটা গান’, তা আগামী প্রজন্মকে ভেবে উঠতে গেলেও ভাবনার জিন্ম্যাশিয়ামে ভাবা প্র্যাকটিস করতে হবে। কী করে সম্ভব হয়েছিল তা, এখন আর মনে পড়ে না নব্বই দশকে যুবক হয়ে উঠতে থাকা প্রজন্মের। মাথার উপর এক স্থবির রাজনীতি আর তার সুবাদে চারিপাশে ‘আপাতত শান্তিকল্যাণ’-সুলভ একটা ‘ফিল গুড’ ভাবকে যে হাতেগোনা কয়েকজন দুমড়ে দিয়েছিলেন, তাঁদের মধ্যে প্রতুল মুখোপাধ্যায় অন্যতম। তার পরিচিত জনেরা বলেন, গান যেন ছিল তার জন্মগত প্রতিভা। চাকরি করতেন ব্যাংকে। জীবনযাপন ছিল একেবারেই সাদামাঠা।

আমি বাংলায় গান গাই—যে গানে মেতে উঠেছিল আপামর বাংলা, সমগ্র বাঙালি... এই গানটিই প্রতুল মুখোপাধ্যায়ের সব চেয়ে পরিচিত গান হয়ে উঠেছে গত তিন দশকেরও বেশি সময়ে। এক সাক্ষাৎকারে তিনি বলেছিলেন যে বাংলা ১৪০০ সালের পয়লা বৈশাখ বাড়িতে বসেই লিখে ফেলেন এই কালজয়ী গানটি। দিয়ে দেন সুর। পরের বছর ‘যেতে হবে’ নামের অ্যালবামে গানটি প্রকাশিত হয়, আর সঙ্গে সঙ্গেই তুমুল জনপ্রিয় হয়ে ওঠে সেটি। ওই গানটি ছাড়াও ‘ডিস্টা ভাসাও সাগরে’, ‘নিকোসে সিকলে আফ্রিকা’, ‘ছোকরা চাঁদ, জওয়ান চাঁদ’-এর মতো গানগুলোও মানুষের মুখে মুখে ঘুরতে শুরু করে গত শতাব্দীর নয়ের দশক থেকেই। মাত্র ১২ বছর বয়সে কবি মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের ‘আমি ধান কাটার গান গাই’ কবিতাটিতে সুরারোপ করে বন্ধুদের চমকে দিয়েছিলেন প্রতুল। পাশাপাশি নিজেও লিখতে থাকেন ছড়া, গানের লিরিক। চাকরি করেছেন আর পাঁচজন মধ্যবিত্ত গেরস্তের মতোই। কিন্তু সেই গেরস্তালির মধ্যেই কোথাও যেন আশ্রয় ছিল। ঠিকিঠিকি গানের

আশ্রয়। বিপ্লব, স্বপ্নভঙ্গ আবার বিপ্লব আর আবার স্বপ্নভঙ্গের বঙ্গীয় রাজনীতির অনেক উত্থালপাতালের সাক্ষী প্রতুল রাজনৈতিক বিশ্বাসে ছিলেন সমাজতন্ত্রের শরিক। কিন্তু তা সত্ত্বেও বোধ হয় মানুষ আর মানবতাকে তাঁর গানে সবার আগে রাখতেন। তাঁর জীবনের প্রথম অ্যালবাম বের হয় ১৯৮৮তে। সেটা হল ‘পাথরে পাথরে নাচে আশ্রয়’। যদিও এটা তাঁর একক অ্যালবাম নয়। তখন অন্য শিল্পীদের সঙ্গে মিলে কাজ করেছিলেন। প্রতুলের প্রথম একক অ্যালবাম বের হয় ১৯৯৪ সালে ‘যেতে হবে’। আর তাঁর শেষ অ্যালবাম ‘ভোর’।

প্রতুল মুখোপাধ্যায়কে নিয়ে বাংলা গানের ছক-ভাঙা শিল্পীদের মধ্যে অগ্রগণ্য কবীর সুমন লিখেছিলেন ‘লোকটা নিজেই একটা গান, আস্ত একটা গান’। তার গায়কীর বৈশিষ্ট্য ছিল যন্ত্রাণুযন্ত্রের ব্যবহার প্রায় করেনই না তিনি। কখনও তালি দিয়ে বা কখনও তুড়ি দিয়েই গান পরিবেশন করতেন তিনি, সঙ্গী ছিল তার হাতের নানা অঙ্গভঙ্গি। তার গানের কথা এবং সুর, সবই ছিল সমাজ নিয়ে, মানুষকে ঘিরে।

গত শতাব্দীর নব্বই দশকের মাঝামাঝি থেকে জনপ্রিয় হয়ে উঠলেও প্রতুল মুখোপাধ্যায় গান গাইছেন তারও বহু বছর আগে থেকে। হালে ওভাররেটেড শব্দটি বেশ জনপ্রিয়। তবে কিছু শিল্পীর কিছু কাজ যখন ‘ওভাররেটেড’ তকমা পেয়েও সিয়মান হয় না, তখন সেই কাজই হয়ে ওঠে তাঁর পরিচয়, তাঁর সত্ত্বা।

শিল্পীর মৃত্যুকে বছর আমরা বাঙালিরা নক্ষত্রপতন বলে থাকি। তবে ওই যে ছোটবেলায় বইয়ে পড়েছি, তারা নিভে গেলেও তাঁর আলো থেকে যায় পরবর্তী সহস্র শতাব্দী। তেমনই এই খসে পড়া তারার দিকে তাকিয়ে বলতে ইচ্ছে করে—আপনি ছিলেন বলেই, বাঙালি তার ‘আমার আমি কে চিরদিন’ এই বাংলাতেই খুঁজে পায়।



## কুইজ-৫

### সঞ্জীবকুমার দে

পশ্চিমবঙ্গ, ভারত

- ১) এডসন আরান্টেস ডু নাসিমেন্টো নামের এই ফুটবলার সারা বিশ্বে এক অন্য নামে পরিচিত। বিশ্বকাপ ফুটবলে অংশ নিয়েছেন চারবার। তার মধ্যে তিনবারই চ্যাম্পিয়ন করেছেন নিজের দেশকে। মাত্র একবার ১৯৬৬ সালে খেতাব জয় করতে সফল হননি। কে সেই জগৎ বিখ্যাত ফুটবলার? তাঁর দেশের নাম কি?
- ২) ভারতের বীরেন্দ্র শেহবাগ টেস্ট ক্রিকেটে দুইটি ট্রিপল সেঞ্চুরির অধিকারী। এ ছাড়াও কোন সে ভারতীয় ক্রিকেটার আরও একটি ৩০০ নট আউট রান করে ভারতকে দেশের মাটিতে জয় এনে দিয়েছিলেন? খেলাটি অনুষ্ঠিত হয়েছিল চেন্নাইয়ের এম. এ. চিদাম্বরম স্টেডিয়ামে ২০১৬ সালের ডিসেম্বর মাসে। কোন দেশের বিরুদ্ধে?
- ৩) সেভেন সিস্টার নামে কথিত উত্তর-পূর্ব ভারতের কোন সাতটি রাজ্য পশ্চিমবঙ্গের শিলিগুড়ি শহরের মাধ্যমে অবশিষ্ট ভারতের সঙ্গে যুক্ত?
- ৪) পৃথিবীর একমাত্র মহিলা বৈজ্ঞানিক যিনি দু'বার নোবেল পুরস্কারে ভূষিত। একবার পদার্থ বিজ্ঞানে ও একবার রসায়নে। কে তিনি? কোন কোন বছরে তিনি এই পুরস্কার লাভ করেন?
- ৫) ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের কলকাতায় অনুষ্ঠিত International Kolkata Book Fair (আন্তর্জাতিক কলকাতা বইমেলা) জগৎ-বিখ্যাত। বর্তমান বছরে এটি কতোতম বইমেলা বলে অবিহিত? এই বছর কোন দেশকে এই বইমেলায় ফোকাল থিম হিসাবে তুলে ধরা হয়েছে?
- ৬) কুয়ো ভ্যাদিস্ উপন্যাসের লেখক কে? মূল উপন্যাসটি কোন ভাষায় লেখা? কুয়ো ভ্যাদিস্ শব্দের অর্থ কি? নগরের পটভূমিকে কেন্দ্র করে এই উপন্যাস রচিত?
- ৭) বাংলা ছায়াছবি জগতের জনপ্রিয় অভিনেতা ভানু বন্দ্যোপাধ্যায়ের পিতৃদত্ত নাম কি?
- ৮) সবচেয়ে হালকা ধাতু কি? তার ঘনত্ব কত? জলের তুলনায় তার ঘনত্ব বেশি না কম?
- ৯) ত্রিকোণমিতির উদ্ভাবক কে? গণিতে কবে এই ত্রিকোণমিতি ভাবনার প্রয়োগ শুরু হয়? ত্রিকোণমিতি শব্দটি কি ভাবে এসেছে?
- ১০) ধাত্রীদেবতা উপন্যাস কার রচনা? ব্রিটিশ ভারতে জনজাগরণের পটভূমিতে রচিত এই কিংবদন্তী বাঙালি সাহিত্যিকের আরও এক বিখ্যাত উপন্যাসের নাম কি? ইঙ্গিত—যে উপন্যাসের শিরোনামেও রয়েছে জনদেবতার কথা!

## কুইজের উত্তর



১) পেলে, ১৯৫৮, ১৯৬২ এবং ১৯৭০ সালে বিশ্বকাপ জয় করেন। ব্রাজিল।



২) করুণ নায়ার, ইংল্যান্ডের বিরুদ্ধে।



৩) আসাম, মেঘালয়, অরুণাচল, নাগাল্যান্ড, মিজোরাম, মণিপুর ও ত্রিপুরা



৪) মেরি কুরি, ১৯০৩ সালে পদার্থ বিজ্ঞানে এবং ১৯১১ সালে রসায়নে



৫) ৪৬তম (4th), জার্মানি



৬) হেনরিক সিয়েনকিউইচ, পোলিশ ভাষায়, কোথায় যাচ্ছ, সম্রাট নিরো-র শাসনাধীন রোম নগরীর।



৭) সাম্যময় বন্দ্যোপাধ্যায়



৮) লিথিয়াম (Li), ঘনত্ব ০.৫৩৪ gram/c.c যা জলের ঘনত্বের চেয়েও কম



৯) গ্রীক গণিতবিদ হিপারকাস, খ্রিষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দীতে, গ্রীক শব্দ Trigonon (ত্রিভুজ) এবং metron (পরিমাপ) শব্দদুটির মিশ্রণে



১০) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, গণদেবতা।

## Rules for submitting articles to Sangbad Bichitra

**Submit only one text at a time in any one category.**

**Send articles to this email:**

**cabsangbadbichitraeditors@gmail.com**

- 1) Poems should be within 12-20 lines.
- 2) Short poems should be within 6-8 lines.
- 3) Short stories should be between 250-500 words.
- 4) Stories should be at least 1200 words but no more than 1500 words.
- 5) Essays/articles related to literature, science and social issues should be less than 500 (for an article) to 1000 (for an essay) words.
- 6) News form within your local community about art, culture, etc. should be within 100-500 words. Success stories of your next generation young members on any arena can be shared.
- 7) The text should be formatted in Avro font and stored as a MS Word (.docx) file. Handwritten content, an image (like JPEG or a PDF) file are not suitable formats and submissions will not be accepted.
- 8) Content should be previously unpublished and original.

- 9) Content should be free from typographical and grammatical errors.
- 10) Any content directly commenting on a political party, religion, caste, nation or a particular individual in a biased positive or negative manner will not be accepted for publication.

\* Please understand that if the submitted content does not confirm to the guidelines set forth above (especially word limit), it will not be accepted for publication (due to space constraints of a 16-page magazine).

\* This is a publication focused on community(ies) and our main aim is to publish news from any organization that promotes Bengali art and culture. As local Bengali organizations submit content to us, we will strive to publish items accordingly.

\* Your opinion is important to us : Please provide your review (via email) of the contents of "Sangbad Bichitra" as it tackles pertinent subjects and viewpoints and their manner of presentation. If there is any room for improvement, please do not hesitate to describe them briefly and we shall publish your feedback in our subsequent edition.

**cabsangbadbichitraeditors@gmail.com**

## Advertisement Rates for Sangbad Bichitra - 2023

(Color – Back Page)				(Color – Inside)			
	1 Issue	1/2 Yearly	Yearly		1 Issue	1/2 Yearly	Yearly
<b>Full Page</b> (14 x10 inch)	\$250	\$1,500	\$2,500	<b>Full Page</b> (14 x10 inch)	\$150	\$1,000	\$2,000
<b>1/2 Page</b> (10 x 7 inch)	\$150	\$750	\$1,250	<b>1/2 Page</b> (10 x 7 inch)	\$100	\$500	\$1,000
<b>1/4 Page</b> (5 x 4 inch)	\$100	\$500	\$1,000	<b>1/4 Page</b> (5 x 4 inch)	\$75	\$250	\$500
<b>1/8 Page</b> (5 x 2 inch)	\$50	\$250	\$500	<b>1/8 Page</b> (5 x 2 inch)	\$35	\$150	\$300

\* Minimum three (3) issues.

\* Payment is required in advance.

\* Make check payable to : CAB

\* Mail to :

Cultural Association of Bengal

\* Address :

346 Yale Road, Garden City,  
NY 11530, USA

\* Zelle to : 516-965-5277

### Executive Committee

<b>Ashok Rakhit</b>	President
<b>Partha S. Chakraborty</b>	Secretary
<b>Dipankar Chattopadhyay</b>	Asst. Secretary
<b>Biswa Bhattacharya</b>	Vice President
<b>Tapas Sanyal</b>	Vice President
<b>Indrasish Basu Roy Chowdhury</b>	Vice President
<b>Arpita Gupta</b>	Treasurer
<b>Amit Ganguly</b>	Committee Members
<b>Lipika Mukhopadhyay</b>	Committee Members
<b>Sarmistha Chakraborty (Babli)</b>	Committee Members
<b>Sudipta Chattopadhyay (Buya)</b>	Committee Members

### Board of Trustees

<b>Gopendu Chakrabarti</b>	Chairperson
<b>Abhik Dasgupta</b>	Members
<b>Amiya Banerjee</b>	Members
<b>Dilip Chakrabarti</b>	Members
<b>Kallol Chattopadhyay</b>	Members
<b>Partha S. Chatterjee</b>	Members
<b>Pranab Das</b>	Members
<b>Ranadeb Sarkar</b>	Members
<b>Sugata Bagchi</b>	Members